

মহা-পরিচালক

প্রশাসনিক ট্রাইব্যুনাল/পরিঃ উন্নয়ন
খুলনা

জেলা : ৫১৫৩ : খুলনা
তাং : ০৩/১/১২ :
মোকাম : প্রশাসনিক ট্রাইব্যুনাল, খুলনা।
উপস্থিত : জনাব মোঃ মুজিবুর রহমান
সদস্য(সিনিয়র জেলা জজ)
প্রশাসনিক ট্রাইব্যুনাল, খুলনা।
এ.টি মোকদ্দমা নং : বাস্তবায়ন-৬/২০১৮
মূল-২১/২০১৪

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের দপ্তর	
তারিখঃ	
<input type="checkbox"/>	অতিরিক্ত মহাপরিচালক
<input type="checkbox"/>	অতিরিক্ত মহাপরিচালক (PEDPR)
<input checked="" type="checkbox"/>	পরিচালক (প্রশাসন)
<input type="checkbox"/>	পরিচালক (অর্থ/সংগ্রহ)
<input type="checkbox"/>	পরিচালক (পলিসি ও অপারেশন)
<input type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input type="checkbox"/>	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
<input type="checkbox"/>	পরিচালক (পরিবাহণ ও মূল্যায়ন)
<input type="checkbox"/>	পরিচালক/সিস্টেম ম্যানেজার
<input type="checkbox"/>	প্রকল্প পরিচালক
<input type="checkbox"/>	সিস্টেম এনালিস্ট
<input checked="" type="checkbox"/>	উপপরিচালক (মাঠ)
<input type="checkbox"/>	নব্বকারী পরিচালক
<input type="checkbox"/>	শিক্ষা অধিদপ্তর

অতি জরুরি

জরুরী ভিত্তিতে পরীক্ষান্তে
উপস্থাপন করুন
মহাপরিচালক

মোসাঃ জুলেখা জান্নাত জলি.....আবেদনকারী।

-বনাম-

সচিব, প্রাইমারী ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সহ ৬ জন.....প্রতিপক্ষ।

আদেশ নং-১ তারিখ-১৭/৭/২০১৮ খ্রিঃ

প্রশাসনিক ট্রাইব্যুনাল এ্যাক্ট ১৯৮০(১৯৮১ সনের ৭নং আইন) এর ৯ ধারা এবং দেওয়ানী কার্যবিধি আইনের ২১ আদেশের ৩৭ ও ৩৮ বিধি মোতাবেক গত ১১/১১/২০১৫ খ্রিঃ তারিখের রায় ও আদেশ বাস্তবায়নের নিমিত্তে দায়েরকৃত একটি দরখাস্ত। প্রতিপক্ষ এ,টি ০৩/২০১২ নং মোকদ্দমায় গত ইং ১০/১/১৭ তারিখের প্রদত্ত রায় ও আদেশ প্রাপ্ত হইয়া আবেদনকারিনীকে গত ২৫/৯/২০১৬ খ্রিঃ তারিখের স্মারক নং-জেপ্রাশিঅ-মাপ্ত/বিমা/১৪৭৬ মাধ্যমে চাকুরীতে যোগদানের আদেশ দেন। আবেদনকারিনী উক্ত আদেশ প্রাপ্ত হইয়া গত ২৬/৯/২০১৬ খ্রিঃ তারিখে চাকুরীতে যোগদানের জন্য ৫নং প্রতিপক্ষের বরাবর আবেদন করেন। ৫নং প্রতিপক্ষ আবেদনকারিনীর অর্জিত ছুটি অসাধারণ ছুটির সাথে সমন্বয় না করে চাকুরীতে যোগদান করাইলে আবেদনকারিনী অত্র মোকদ্দমা দায়ের করেন।

আবেদনকারিনীর পক্ষে বিজ্ঞ আইনজীবী উল্লেখ করেন মূল এ,টি-২১/২০১৪ নং মোকদ্দমাটি বিগত ১১/১১/২০১৫ খ্রিঃ তারিখে দোতরফাসূত্রে নিষ্পত্তি করা হয়। উক্ত রায়ে ১৭/১২/২০১৩ খ্রিঃ তারিখের আদেশে আবেদনকারিনীকে চাকুরী থেকে বরখাস্ত করার যে, আদেশ প্রদান করা হইয়াছে তা বেআইনী, বাতিল, অকার্যকর এবং আবেদনকারিনী এখনও চাকুরীতে বহাল (She is still in service) আছেন মর্মে ঘোষণা করা হয়।

আবেদনকারিনীর অনুপস্থিতকালীন সময়কে অনুমোদিত সময় হিসাবে মঞ্জুর করে অসাধারণ ছুটি হিসাবে গণ্য করার নির্দেশ দেওয়া হয় তবে দরখাস্তকারিনীর কোন অর্জিত ছুটি পাওনা থাকিলে তা অসাধারণ ছুটির সাথে সমন্বয় করার আদেশ হয়।

আবেদনকারিনীর বর্তমান দরখাস্ত দৃষ্টে প্রতীয়মান হয় যে, ৫নং প্রতিপক্ষ এ,টি ২১/২০১৪ নং মোকদ্দমার গত ১১/১১/২০১৫ খ্রিঃ তারিখের রায় ও আদেশ পূর্ণাঙ্গভাবে কার্যকর করে, নাই।